

HEALTH MAGAZINE

ISSN 2077-7299

ইবনে সিনা হেলথ ম্যাগাজিন

রেজি নং ১৮৮

বর্ষ ১৪ ■ সংখ্যা ৪

জানুয়ারি ২০২৪



হেলথ ম্যাগাজিনের সম্মানিত
লেখক, পাঠক, কলাকুশলী ও
শুভানুধ্যায়ীদের ইংরেজি নববর্ষের
শুভেচ্ছা। – সম্পাদক

সম্পাদকমণ্ডলীর সভাপতি

অধ্যাপক এ কে এম সদরুল ইসলাম পিএইচডি

ভারপ্রাপ্ত সম্পাদক

অধ্যাপক ডা: আবু খলদুন আল-মাহমুদ পিএইচডি

নির্বাহী সম্পাদক

শেখ মিজানুর রহমান

শিল্প নির্দেশক

হামিদুল ইসলাম

গ্রাফিক্স

মনিরুজ্জামান মনির



IBN SINA

Pioneer in Health Care

ইবনে সিনা ট্রাস্টের পক্ষে

অধ্যাপক চৌধুরী মাহমুদ হাসান পিএইচডি কর্তৃক
বাড়ি ৪৮, রোড ৯/এ, ধানমন্ডি আবাসিক এলাকা
থেকে প্রকাশিত এবং দিগন্ত প্রিন্টিং অ্যান্ড প্যাকেজিং,
৩৬৪, খন্দকার রোড, জুরাইন, ঢাকা থেকে মুদ্রিত।

সম্পাদকীয় যোগাযোগ : +৮৮-০২-৯১২৬৬২৫-৬

+৮৮-০২-৯১২৮৮৩৫-৭, এক্স-৫১১

E-mail : newsbulletinist@gmail.com

Web : www.ibnsinatrust.com

ম্যাগাজিনে প্রকাশিত সব মতামত লেখকের নিজস্ব।
সম্পাদনা বোর্ড লেখকের মতামতের জন্য দায়ী নন।

দাম ২০ টাকা



আল কুরআন

নিশ্চয়ই যারা ঈমান এনেছে ও সৎ কাজ করেছে এবং স্বীয় পালনকর্তার
সমীপে বিনয় প্রকাশ করেছে তারাই জান্নাতের অধিবাসী, সেখানেই তারা
চিরকাল থাকবে। – সূরা-হুদ : ২৩



আল হাদিস

রাসূলুল্লাহ (সা) বলেছেন- উত্তম কাজ হচ্ছে সময়মতো নামায আদায় করা
এবং পিতামাতার সাথে সদ্যবহার করা। – সহিহ মুসলিম

সম্পাদকীয়

হেলথ ম্যাগাজিনের সকল পাঠক ও শুভানুধ্যায়ীকে জানাই ইংরেজি নববর্ষের
শুভেচ্ছা। নতুন বছর আসা মানে আমাদের বয়স আরো এক বছর বেড়ে যাওয়া
এবং জীবন থেকে একটি বছর হারিয়ে যাওয়া। সময় থাকতে স্বাস্থ্য সচেতন
হলে ভবিষ্যতের অনেক রোগ আমরা সূচনায় সনাক্ত বা নির্মূল করতে পারবো।

গত প্রায় সারা বছর ধরে ডেঙ্গুর দাপট আমাদের স্বাস্থ্য খাতকে ঝুঁকিতে
ফেলেছে। এবার শীত আসার পর ডেঙ্গু কিছুটা প্রশমিত হলেও এটি এখন
Pandemic এ রূপান্তরিত হয়েছে। আগামী বর্ষার আগেই আমাদের এডিস
মশার বংশবৃদ্ধির সকল ক্ষেত্র ধ্বংস করতে হবে।

২ জানুয়ারি 'বিশ্ব জনসংখ্যা দিবস'। জনসংখ্যাকে নেতিবাচকভাবে দেখার
একটি প্রবণতা এখনো চলছে। অথচ কর্মক্ষম বয়সের জনশক্তির অভাবে
আজ ইউরোপ মহাদেশের অনেক ধনী এবং উন্নত দেশ তাদের ভবিষ্যত নিয়ে
চিন্তিত; বয়স্ক জনগণের বোঝায় তাদের উন্নয়ন ও বিনিয়োগ থমকে যাচ্ছে।
আমাদের দেশের বিশাল জনশক্তিকে যথাযথ প্রশিক্ষণ দিয়ে উন্নত জনশক্তিতে
পরিণত করতে পারলে আমাদের দেশ অচিরেই উন্নত দেশে পরিণত হবে,
ইনশা'আল্লাহ। বিগত এক দশকে সরকার কারিগরি এবং জীবন ও কর্মমুখী
শিক্ষার প্রসারের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ার বেশ ভালো উদ্যোগ নিয়েছে।

এই বছর শুধু উত্তরাঞ্চলেই নয়, খোদ ঢাকা শহরেও প্রচণ্ড শীতের প্রভাব
পড়ছে। বসন্ত শীত, বর্ষাসহ যে কোনো প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার সার্বিক
প্রস্তুতি প্রয়োজন। সমাজের ধনীক শ্রেণি যদি বিভূহীন মানুষের সহায়তায়
এগিয়ে আসেন, তাহলে সমাজের পারস্পরিক সহায়তার অনুপম নজির স্থাপিত
হবে। আপনার একটি কাপড়, একটু অর্থ-সম্পদ পারে একজন শীতাতর্ককে
সাহায্য করতে। আসুন, আমরা একটি দরদী অংশীদারিত্বের সমাজ গড়ে তুলি।
শীতের এই সময়ে বিশেষভাবে শিশু ও বৃদ্ধদের স্বাস্থ্যজনিত সংক্রমণ বাড়ে।
সতর্ক থাকুন, সুস্থ থাকুন।

আল্লাহ হাফেজ।

সম্পাদক